# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

**বৃহত্তর চট্টগ্রাম গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-৩**
**শেরেবাংলা নগর, আগারগাঁও**
**ঢাকা-১২০৭ ।**
**www.lged.gov.bd**

স্মারক নং-৪৬.০২.০০০০.৯০১.১৪.০০১.১৮.০৭ তারিখ ঃ ২৪/০৬/২০১৮ইং।

প্রতি

নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলা ঃ চট্টগ্রাম/কক্সবাজার।

**বিষয় ঃ বৃহত্তর চট্টগ্রাম গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-৩ এর অনুমোদিত ডিপিপির তালিকা অনুযায়ী সড়ক উন্নয়নের নিমিত্তে প্রাক্কলন প্রণয়ন প্রসঙ্গে।**

সুত্র ঃ **৪৬.০২.০০০০.৯০১.১৪.০০১.১৮০১, তারিখ ঃ ০৬/০৩/২০১৮ইং।**

উপর্যুক্ত বিষয় ও সূত্র স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বৃহত্তর চট্টগ্রাম গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-৩ প্রকল্পটির ডিপিপিতে নির্বাচিত তালিকা হতে অগ্রাধিকার ভিত্তিতে স্কীম গ্রহণ ও প্রাক্কলন প্রণয়নের জন্য পত্র প্রেরণ করা হয়। ৫(পাঁচ) বছর মেয়াদী নতুন এ প্রকল্পটি জুন/২০২২ তারিখে সমাপ্তির জন্য নির্ধারিত আছে। তবে ডিপিপিতে বরাদ্দ লক্ষমাত্রা অনুযায়ী না পেলে প্রকল্পটির মেয়াদ ১ থেকে ২ বছর বৃদ্ধি পেতে পারে। ডিপিপি অনুযায়ী গৃহীত, বাস্তবায়নকৃত ও সমাপ্তকৃত কাজ IMED সহ বিভিন্ন সংস্থা কর্তৃক প্রকল্পের মধ্যবর্তী ও প্রকল্প সমাপ্ত শেষে মূল্যায়ন করা হবে।

বৃহত্তর চট্টগ্রাম অঞ্চলটি জলবায়ু ও অন্যান্য বিবেচনায় অতীব স্পর্শকাতর তথা গুরুত্বপূর্ণ। তাই মাঠ পর্যায়ে প্রতিটি স্কীমের কাজের ধরণ, কাজের মান পারিপার্শ্বিক অবস্থা ও স্টার্ন্ডাড বিবেচনা করে যথাযথভাবে প্রাক্কলন প্রণয়ন অতীব জরুরী যেন প্রকল্প সমাপ্তির শেষে কাজের মান অক্ষুন্ন থাকে এবং স্থায়ী (Sustain)হয়।

প্রতিটি সড়কের প্রাক্কলন প্রণয়নে অনুমোদিত "রোড ডিজাইন স্টার্ন্ডাড" অনুযায়ী মাটির সোল্ডার সহ প্রশস্থতায় সঠিক থাকতে হবে। প্রতিরক্ষা কাজ, সড়কে বাঁক ও কালর্ভাট মাঠ পর্যায়ে পরিদর্শন করে নির্বাচন করতে হবে। বাজার অংশ প্রয়োজনবোধে আরসিসি করা যাবে। সড়কের ঢাল বিবেচনায় এল-ড্রেন প্রদান করা যাবে। সড়কটি জলবায়ু সহিষ্ণু বিবেচনায় প্রাক্কলন প্রণয়ন করতে হবে। প্রতিটি সড়কে "সড়ক নিরাপত্তা" সাইনেজ অর্ন্তভূক্ত থাকতে হবে। তাছাড়া অধিকতর স্থায়িত্ব বিবেচনায় কোন যুক্তিসংগত আইটেম অনুমতিক্রমে প্রয়োজনবোধে অর্ন্তভূক্ত করতে হবে।

এমতাবস্থায়, **মাঠ পর্যায়ে জরীপ কাজ সঠিকভাবে করে তদানুযায়ী প্রাক্কলন প্রণয়ন এবং কাজ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে** অনুরোধ করা হলো। উল্লেখ্য, চলতি ২০১৭-১৮ অর্থবৎসরে সংশোধিত এডিপিতে বরাদ্দ নির্ধারিত থাকায় প্রেরিত ড্রইং, ডিজাইন ও গাইডেন্স নোটের আলোকে বর্তমান অর্থবৎসরে কাজ বাস্তবায়ন শেষে ব্যয় উপযোগী স্কীমের প্রাক্কলন অনতিবিলম্বে প্রেরণ করতে অনুরোধ করা হলো।

২৪/০৬/১৮

**(তোফাজ্জল আহমদ)**
প্রকল্প পরিচালক
ইউসিআরআইডিপিঃ জিসি
টেলিফোনঃ ০২-৫৮১৫৫২৯২
ই-মেইলঃ pd.gccp@lged.gov.bd

অনুলিপি ঃ

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, চট্টগ্রাম।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম অঞ্চল, এলজিইডি, জেলা ঃ চট্টগ্রাম।
৪। উপজেলা প্রকৌশলী, উপজেলা ঃ (সকল), জেলা ঃ চট্টগ্রাম/কক্সবাজার।